যুগান্তর

২/১০/২০০৩

তারিখ ........
পৃষ্ঠা ...৪... কলাম ...৫...

# কোচিং সেন্টারের নামে ব্যবসা

ঢাকায় আজকাল অলিতে-গলিতে অপরিকল্পিত গড়ে উঠছে নিত্যনতুন কোচিং সেন্টার। এক কথায় কোচিং সেন্টারের নামে চলছে ব্যবসা। আজকাল বিভিন্ন জায়গায় হাঁটতে গেলেই চোখে পড়ে রঙবেরঙের বিভিন্ন ব্যানার- যেখানে লেখা থাকে 'পরীক্ষায় অভূতপূর্ব সাফল্য, প্রতি বিষয়ে ৮০ শতাংশ নম্বর প্রাপ্তিতে নিশ্চয়তা অথবা মাত্র তিন মাসে কোর্স সমাপ্তি এবং আরও অনেক মনকাড়া বক্তব্য। এর ফলে পরীক্ষায় ভাল করার আশায় বহু ছাত্রছাত্রী অনেক টাকা দিয়ে ভর্তি হয়ে যায় কোচিং সেন্টার নামক মানুষ তৈরির কারখানায়। এতে লাভবান হচ্ছে একশ্রেণীর স্বার্থান্বেষী মহল। যারা হাতিয়ে নিচ্ছে মোটা অংকের অর্থ। আর সাধারণ ছাত্রছাত্রীরা পাচ্ছে অনিশ্চয়তার দিকনির্দেশনা।

এমনভাবে চলতে থাকলে কোন এক সময় দেখা যাবে ছাত্রছাত্রীরা স্কুল-কলেজে ভর্তি হচ্ছে শুধু বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কিন্তু সারা বছর পড়ালেখা করছে কোচিং সেন্টার নামক বেসরকারি প্রতিষ্ঠানে। আবার কোচিং সেন্টারগুলোতে এমনও দেখা যাচ্ছে যারা পরীক্ষায় পাশের ১০০ শতাংশ নিশ্চয়তা প্রদান করছে ঠিক তারাই পাবলিক পরীক্ষাগুলোতে বছরের পর বছর অতিক্রান্ত করছে। তাই কর্তৃপক্ষের কাছে আবেদন কোচিং সেন্টারগুলো গড়ে ওঠার ক্ষেত্রে যেন একটি নির্দিষ্ট নীতিমালা থাকে এবং যেন এর যথাযথ ও বাস্তব প্রয়োগ হয়।

**সজল চৌধুরী**
উল্লাপাড়া, সিরাজগঞ্জ